

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রণালয়ঃ অর্থ মন্ত্রণালয়  
বিভাগঃ অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
জাতীয় রাজস্ব বোর্ড

মাননীয় অর্থমন্ত্রীর জন্য  
সার-সংক্ষেপ

স্মারক নং-৩(১)শুল্ক-৪/৮২(অংশ-৪)/

তারিখ-২২.০২.১৯৯৮ ইং

বিষয়ঃ ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য শিল্প প্রতিষ্ঠানকে বন্ডেড ওয়্যারহাউস সুবিধা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড থেকে পেশকৃত একটি সারসংক্ষেপ মাননীয় অর্থমন্ত্রী অনুমোদন করেছিলেন (সংলাগ-ক)। উক্ত সারসংক্ষেপ ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য শিল্প প্রতিষ্ঠানকে বন্ডেড ওয়্যারহাউজ সুবিধা প্রদানের ক্ষেত্রে কতিপয় শর্ত প্রস্তাব করা হয়েছিল। তন্মধ্যে এ মর্মে একটি প্রস্তাব ছিল যে, “সর্বোচ্চ যে পরিমাণ মাল কোন এক সময়ে ওয়্যারহাউজে রাখবে সে পরিমাণ মালের উপর প্রযোজ্য শুল্ক করার সমপরিমাণ অর্থের ব্যাংক গ্যারান্টি দিতে হবে। উপর্যুক্ত ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড এ শর্ত শিথিল করবে”।

০২। বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের জন্য আবেদনকারী অনেকে জানিয়েছেন যে, অনেক ক্ষেত্রে কোন বন্ডেড ওয়্যারহাউজে সর্বোচ্চ যে পরিমাণ মাল রাখা যায় তার পরিমাণ, কোন একটি চালানে আমদানিকৃত পণ্যের পরিমাণের চেয়ে অনেক বেশী। ফলে আমদানিকৃত কোন পণ্য আমদানি না করে বা অল্প পরিমাণ পণ্য আমদানি করেও তার অধিক পরিমাণ পণ্যের শুল্ক-করাতির জন্য ব্যাংক গ্যারান্টি দিতে হচ্ছে। এতে করে শিল্প প্রতিষ্ঠানটিকে অতিরিক্ত ব্যয়ভার বহন করতে হচ্ছে।

০৩। বর্ণিত অবস্থায় উল্লিখিত শর্তটি নিম্নরূপে প্রতিস্থাপন করা যেতে পারে-

(২) “পণ্য আমদানিকালে আমদানি শুল্ক স্টেশন/হাউসের চালান ভিত্তিক শুল্ক করার সমপরিমাণ ব্যাংক গ্যারান্টি প্রদান করতে হবে এবং এক চালানে বা পৃথক চালানে ০৩ (তিন) মাসের জন্য প্রয়োজনীয় কাঁচামালের অতিরিক্ত কাঁচামাল আমদানি করা যাবে না এবং আমদানিকৃত ০৩ (তিন) মাসের কাঁচামাল এক্সবন্ড করার পর পরবর্তী তিন মাসের জন্য বন্ডেড ওয়্যারহাউস পদ্ধতির আওতায় আমদানি করা যাবে। এ লক্ষ্যে কোন শুল্ক স্টেশন/হাউস দিয়ে পণ্য আমদানিকালে এতদ বিষয়ে বন্ড অফিসারের প্রত্যয়নপত্র পেশ করতে হবে”।

০৪। অনুচ্ছেদ ০৩ এর প্রস্তাব সদয় অনুমোদনের জন্য পেশ করা হলো।

(সাইফুল ইসলাম খান)  
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)

মাননীয় অর্থমন্ত্রী